

দ্বিজ

এইখানে এসে তিনি নীচু হয়ে দেখে নেন মাটি,
দিগন্তে দিয়েছে পাড়ি ধান কাটা হয়ে যাওয়া মাঠ-
দেখে নিয়ে সর্ষে ক্ষেতে মৌমাছির গাচ ওড়াউড়ি
রোদে রেখে দেন তিনি কম্পমান কুকুরের ছানা ।

এইখানে এসে তিনি ধান ঝাড়া হয়ে গেলে পরে ।
মৃদু হাতে মুছে দেন চাষাদের হতক্লান্ত ঘাম-
ঠাকুমা মাখাচ্ছে তেল, পাশে এসে উবু হয়ে বসে
কালোকোলো শিশুটাকে কোলে নেন ভীষণ আদরে ।

আড়মোড়া ভেঙে ঠাণ্ডা জলে নামছে তিনখানা হাঁস,
আড়মোড়া ভেঙে এই উঠে বসল শীতের সকাল
এইসব দেখে নিয়ে, মেখে নিয়ে সারা গায়ে, চোখে
এইখানে এসে, ফের ঈরের নবজন্ম হয় ।

রাজা ভট্টাচার্য্য

